

রাকসুর কার্যালয়ে ছাত্রদল নেতাকর্মীদের তালা-ভাঙচুর

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ৩১ আগস্ট ২০২৫, ১২:২৫



ছবি: সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনে স্নাতক প্রথমবর্ষের শিক্ষার্থীদের ভোটের করার দাবিতে ছাত্রদল অবস্থান কর্মসূচি পালন করছে। এরইমধ্যে রাকসুর কোষাধ্যক্ষের কার্যালয়ে তালা দিয়েছে তারা।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

রোববার (৩১ আগস্ট) সকাল সাড়ে ৯টায় রাকসুর কোষাধ্যক্ষ কার্যালয়ে বিক্ষোভ শুরু করেন তারা। পরে দলের নেতাকর্মীদের কার্যালয়ের চেয়ার-টেবিল ভাঙচুর করতে দেখা যায়। ফলে শেষদিনের মতো এখনো পর্যন্ত মনোনয়ন ফরম বিতরণ শুরু করতে পারেনি রাকসু নির্বাচন কমিশন।

প্রত্যক্ষদর্শী ও ছাত্রদল সূত্রে জানা যায়, প্রথম বর্ষের শিক্ষার্থীদের ভোটের তালিকায় অন্তর্ভুক্ত করার দাবিতে গত কয়েকদিন ধরে তারা কর্মসূচি পালন করছেন। রোববার মনোনয়ন ফরম বিতরণের শেষ দিনে সংগঠনটির নেতাকর্মীরা সকাল ৯টা থেকে কর্মসূচি শুরু করেছেন। তারা রাকসুর প্রধান রিটার্নিং কর্মকর্তা ও কোষাধ্যক্ষের কার্যালয় অবরুদ্ধ করা অবস্থান কর্মসূচি পালন করছেন। এসময় তারা কার্যালয়ের ভেতরে থাকা কয়েকটি চেয়ার-টেবিল ভাঙচুর করেন।

এ বিষয়ে শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক সর্দার জহুরুল ইসলাম সাংবাদিকদের বলেন, আমরা দীর্ঘদিন ধরে প্রথম বর্ষের শিক্ষার্থীদের ভোটের তালিকায় অন্তর্ভুক্ত করার দাবি করছি। তারা আমাদের দাবি মানছেই না। তারা রাকসুর ফি দিয়েছে কিন্তু তারা ভোটের হতে পারছে না। আমরা এই বৈষম্য নিরসন করেই কর্মসূচি শেষ করবো।

তাদের কর্মসূচিতে সংহতি জানিয়ে ইউটিএব রাবি শাখার সাধারণ সম্পাদক ও ফোকলোর বিভাগের সভাপতি অধ্যাপক জাহাঙ্গীর হোসেন বলেন, ভোটের তালিকায় প্রথম বর্ষ ও স্বৈরাচারবিরোধী আন্দোলনের নেতাদের অন্তর্ভুক্ত করা হয়নি। এখানে ছাত্রদল এই দাবিতে কর্মসূচি পালন করছে। আমরা তাদের দাবিতে সংহতি জানাই।

উল্লেখ্য, আগামী ২৫ সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য রাকসু নির্বাচনের মনোনয়ন ফরম বিতরণের শেষ দিন।